গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
বাগেরহাট।
www.dae.bagerhat.gov.bd

স্মারক নং: ১২.০১.০১০০.০১১.০১০.২২.০০০৫.২৫.১৬৬৪ তারিখ: ২০-১১-২০২৫ খ্রিঃ।

বিষয়: বিদ্যমান বিসিআইসি ও বিএডিসি সার ডিলারদের 'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৫' বাস্তবায়ন বিষয়ে অবহতিকরণ প্রসংঙ্গে।

সূত্র : কৃষি মন্ত্রণালয়ে সার ব্যবস্থাপনা ও মনিটরিং শাখার স্মারক নং-১২.০০.০০০০.০৩১.৪০.০০১.২৫.৮২, তারিখ: ১৩-১১-২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোক আপনাকে জানানো যাচ্ছে যে, 'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৫' ১৬ নভেম্বর ২০২৫ তারিখ থেকে কাযকর রয়েছে। উল্লেখিত নীতিমালার ধারা ৬.২ এবং ৭.৩ অনুযায়ী আপনার আওতাধীন যে সকল বিসিআইসি ও বিএডিসি সার ডিলার রয়েছে তাদের মধ্য থেকে উল্লেখিত নীতিমালার আওতায় অন্তর্ভুক্ত হতে উচ্ছুক তাদেরকে আগামী ১৫ ডিসেম্বর ২০২৫ তারিখের মধ্যে জামানতের বাকী অর্থ এবং নবায়ন ফি প্রদান করতে হবে। এ বিষয়ে আপনার আওতাধীন উক্ত ডিলারদের অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনা মোতাবেক : ০২ (দুই) পাতা।

প্রাপক,
উপজেলা কৃষি অফিসার(সকল)
------------------, বাগেরহাট।

২০/১১/২৫
(মোঃ মোতাহার হোসেন)
উপপরিচালক
ফোন-০২৪৭৭৭৫১৫৪৯
ইমেইলঃddbagerhat@dae.gov.bd

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খুলনা অঞ্চল, খুলনা।
২। জেলা প্রশাসক, বাগেরহাট।
৩। সভাপতি/সাধারন সম্পাদক, বিএফএ, বাগেরহাট জেলা শাখা, বাগেরহাট।

H:\D\সার\FERTILIZER\ডিলারদের তথ্য (বাগেরহাট)\নীতিমালা বিষয়ক মতামত.docx

(ঙ) এই নীতিমালা কার্যকর হওয়ার অব্যবহিত পূর্বে বিএডিসি/বিসিআইসি-এ সার ডিলার হিসেবে কর্মরত ছিলেন এমন আবেদনকারীর সংখ্যা একাধিক হলে অথবা কোনো আবেদনকারীই পূর্বে কর্মরত না থাকলে তাদের অগ্রাধিকারক্রম উপ-অনুচ্ছেদ ৫.৩ এর (ক) থেকে (ঘ) অনুযায়ী নির্ধারিত হবে;

(চ) ইউনিয়ন/পৌরসভার বাইরের আবেদনকারীর ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভা থেকে নিকটতম স্থানের বাসিন্দা অগ্রাধিকার পাবেন। তারাও গুদামের মালিকানা ও আয়তন, ব্যবসার অভিজ্ঞতা ও বিদ্যমান ব্যবসার পরিধির ক্রমানুসারে অগ্রাধিকার পাবেন; এবং

(ছ) উপর্যুক্ত ধাপসমূহ অতিক্রম করেও যদি সমযোগ্যতাসম্পন্ন একাধিক আবেদনকারী থাকে, তবে লটারির মাধ্যমে অগ্রাধিকারক্রম চূড়ান্ত করা যাবে।

**৬। জামানত ও চুক্তি সম্পাদন**

৬.১ প্রত্যেক নির্বাচিত আবেদনকারীকে চুক্তি সম্পাদনকালে সার ব্যবস্থাপনা আইন ও সার ব্যবস্থাপনা বিধিমালা অনুসারে সার সংরক্ষণ, বিতরণ, বিপণন, পরিবহন ইত্যাদি কাজের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত নিবন্ধন দাখিল করতে হবে;

৬.২ প্রত্যেক নির্বাচিত আবেদনকারী স্থায়ী জামানত জমা প্রদানের বিষয় অবহিত হওয়ার পর ১০ (দশ) কর্মদিবসের মধ্যে তফসিলভুক্ত ব্যাংক হতে ইস্যুকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট-এর মাধ্যমে জেলা সার ও বীজ মনিটরিং কমিটির অনুকূলে ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকা জমা দিবেন। তবে নির্দিষ্ট ১০ (দশ) কর্মদিবসের মধ্যে জামানতের টাকা পরিশোধে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং আর্নেস্টমানি বাবদ প্রদত্ত ১০,০০০.০০ (দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট বাজেয়াপ্ত করা হবে। জামানত প্রাপ্তির পর মনোনীত আবেদনকারীকে জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভাপতির সঙ্গে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ডিলারশিপ চুক্তি সম্পাদন করতে হবে;

৬.৩ উক্তরূপে মনোনয়নপ্রাপ্ত ডিলার নির্ধারিত শর্তাবলি পালন করতে বাধ্য থাকবেন মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একটি অংগীকারনামা সশরীরে উপস্থিত হয়ে স্বাক্ষরপূর্বক সংশ্লিষ্ট জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভাপতি (জেলাপ্রশাসক) বরাবর দাখিল করবেন;

৬.৪ ডিলারশিপ প্রদানের পরবর্তী পর্যায়ে সংশ্লিষ্ট ডিলার কর্তৃক পেশকৃত কাগজপত্রে কোনো প্রকার অসত্যতা প্রমাণিত হলে ডিলারশিপ বাতিল হবে এবং সংশ্লিষ্ট ডিলার কর্তৃক প্রদত্ত সমুদয় জামানত বাজেয়াপ্ত করা হবে। তদুপরি কর্তৃপক্ষ প্রয়োজনবোধে প্রতারণার দায়ে তার বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের করতে পারবে।

**৭। সার ডিলার নবায়ন**

৭.১ নিয়োগপ্রাপ্ত সকল ডিলারকে নিয়োগের পরবর্তী প্রতি ২ (দুই) বছর অন্তর ডিলারশিপ নবায়ন করতে হবে। তবে অর্থবছরের যে সময়েই নতুন ডিলার নিয়োগ প্রদান করা হোক না কেনো, পরবর্তী অর্থবছরের জুন মাসে তার মেয়াদ ২ (দুই) বছর পূর্ণ হয়েছে বিবেচনায় অন্যান্য ডিলারদের সঙ্গে নবায়ন কার্যক্রম গ্রহণ করতে হবে। উক্তরূপে ডিলারশিপের মেয়াদ ৩০ (ত্রিশ) জুনে উত্তীর্ণ হওয়ার ২ (দুই) মাস পূর্বে (এপ্রিল) সংশ্লিষ্ট জেলাপ্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটির নিকট নবায়নের আবেদন করতে হবে। আবেদনের সংগে নবায়ন ফি বাবদ ২,০০০ (দুই হাজার) টাকা (অফেরতযোগ্য) জমা দিতে হবে। তবে ৫০০ (পাঁচশত) টাকা বিলম্ব ফিসহ মোট ২৫০০ (দুই হাজার পাঁচশত) টাকা প্রদানসাপেক্ষে নবায়নের আবেদনের মেয়াদ উত্তীর্ণের পরবর্তী ১৫ (পনেরো) কর্মদিবসের মধ্যে আবেদন করা যাবে। এর পরে আর কোনো আবেদন গ্রহণযোগ্য হবে না। আবেদনের মেয়াদের শেষ তারিখ হতে পরবর্তী ১ (এক) মাসের মধ্যে নবায়নের আবেদন নিষ্পত্তি করতে হবে;

৭.২ বার্ষিক পারফরম্যান্স রিপোর্টের ভিত্তিতে জেলা সার ও বীজ মনিটরিং কমিটি সন্তোষজনক ডিলারদের সঙ্গে চুক্তি স্বাক্ষরের মাধ্যমে ডিলারশিপ নবায়ন করবে;

৭.৩ যে সকল ডিলার সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৫ জারি হওয়ার পূর্বে বিএডিসি/বিসিআইসির সঙ্গে চুক্তিবদ্ধ ছিলেন এবং যারা ডিলারশিপ অব্যাহত রাখতে ইচ্ছুক, তাদেরকে পূর্বের জামানতের সঙ্গে এ নীতিমালা জারির ১ (এক) মাসের মধ্যে উহার আওতায় ধার্যকৃত জামানত পূর্ণ করার জন্য অবশিষ্ট অর্থ জমা দিতে হবে। উক্তরূপে জামানত পরিশোধের পর তারা নবায়ন ফি (প্রযোজ্য ক্ষেত্রে) পরিশোধপূর্বক সশরীরে উপস্থিত হয়ে নির্ধারিত সময়ের মধ্যে নতুন চুক্তিনামায় স্বাক্ষর করবেন, অন্যথায় ডিলারশিপ বাতিল বলে গণ্য হবে;

৭.৪ নবায়নের সময় ডিলারকে সশরীরে উপস্থিত হয়ে চুক্তি স্বাক্ষর করতে হবে এবং ডিলারশিপ সনদের কপি, পূর্বের নবায়নের কপি, হালনাগাদ ট্রেড লাইসেন্স ও আয়কর সনদ জমা দিতে হবে;

৭.৫ নির্দিষ্ট সময়ের মধ্যে নবায়ন করতে ব্যর্থ হলে ডিলারশিপ সাময়িকভাবে বাতিল বলে গণ্য হবে; এবং

৭.৬ জেলা সার ও বীজ মনিটরিং কমিটি তার জেলাধীন সার ডিলারদের হালনাগাদ তালিকা প্রতি বছর ৩০ জুনের মধ্যে সংশ্লিষ্ট জেলার ওয়েবসাইটে ও দপ্তরের নোটিশ বোর্ডে প্রকাশ করে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বিসিআইসি, বিএডিসি ও সংশ্লিষ্ট সকলকে অবহিত করবে। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সকল জেলা হতে প্রাপ্ত ডিলারদের তালিকা সমন্বিত আকারে ১৫ জুলাইয়ের মধ্যে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

## ৮। সার ডিলার সংক্রান্ত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি

| | | |
|---|---|---|
| ১. অতিরিক্ত সচিব (সার ব্যবস্থাপনা ও উপকরণ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | : | সভাপতি |
| ২. যুগ্মসচিব (সার ব্যবস্থাপনা ও মনিটরিং), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | : | সদস্য |
| ৩. যুগ্মসচিব (বিসিআইসি), শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল বা/এ, ঢাকা | : | সদস্য |
| ৪. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি), ঢাকা | : | সদস্য |
| ৫. পরিচালক (বাণিজ্যিক), বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি), ঢাকা | : | সদস্য |
| ৬. অতিরিক্ত পরিচালক (উপকরণ), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা | : | সদস্য |
| ৭. উপসচিব/কৃষি অর্থনীতিবিদ, সার ব্যবস্থাপনা অধিশাখা, কৃষি মন্ত্রণালয়। | : | সদস্যসচিব |

### সার ডিলার সংক্রান্ত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির কার্যপরিধি :

(ক) নতুন সার ডিলার নিয়োগের ক্ষেত্রে জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সুপারিশের ভিত্তিতে চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান;

(খ) সিটি কর্পোরেশন এলাকার জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সুপারিশের ভিত্তিতে ডিলারের সংখ্যা নির্ধারণ;

(গ) কমিটির সভাপতি কর্তৃক বিরোধ নিষ্পত্তিতে বিভাগীয় কমিশনারের সিদ্ধান্তের বিষয়ে আপিল কর্তৃপক্ষ হিসেবে দায়িত্ব পালন;

(ঘ) সার ডিলার সংক্রান্ত যেকোনো বিরোধের চূড়ান্ত নিষ্পত্তিকারী হিসেবে দায়িত্ব পালন;

(ঙ) সার ডিলার ব্যবস্থাপনায় কৃষি ও শিল্প মন্ত্রণালয়কে লিখিত পরামর্শ প্রদান; এবং

(চ) কমিটি প্রয়োজনবোধে সভা আহবান করবে।